গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গুচ্ছগ্রাম-২য় পর্যায় (ক্লাইমেট ভিকটিম্‌স রিহ্যাবিলিটেশন প্রজেক্ট) প্রকল্প
ভূমি মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত বাবুপুরা, ঢাকা-১২০৫।

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়াধীন গুচ্ছগ্রাম-২য় পর্যায় (ক্লাইমেট ভিকটিম্‌স রিহ্যাবিলিটেশন প্রজেক্ট) প্রকল্পে (ঢাকা, বরিশাল এবং রংপুর অফিসের জন্য) নিম্নবর্ণিত পদসমূহে প্রকল্প মেয়াদে (জুন/২০২০ পর্যন্ত) জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল ও বয়সসীমা | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | রিজিওনাল ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৬<br>সাকুল্য বেতনঃ ৫৬,৫২৫/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০১ | ক. সিভিল ইঞ্জিনিয়ারিং/এগ্রি ইঞ্জিনিয়ারিং-এ দ্বিতীয় শ্রেণীর (সিজিপিএ-৪ এর মধ্যে ২.৬৫) ডিগ্রী অথবা এএমআইই (সিভিল) এ সেকশন এ ও বি উত্তীর্ণ হতে হবে।<br>খ. বৈদেশিক সহায়তাসম্পন্ন দারিদ্র্য বিমোচন প্রকল্পে এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. এম এস ওয়ার্ড ও এম এস এক্সেলে কাজ করার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০২ | প্রোগ্রামার<br>গ্রেড-৬<br>সাকুল্য বেতনঃ ৫৬,৫২৫/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০১ | ক. কমপক্ষে কম্পিউটার/ইঞ্জিনিয়ারিং-এ দ্বিতীয় শ্রেণীর (সিজিপিএ-৪ এর মধ্যে ২.৬৫) ডিগ্রী অথবা পদার্থ বিজ্ঞান / ফলিত পদার্থ বিজ্ঞান / গণিত / অর্থনীতি / ব্যবস্থাপনা / পরিসংখ্যান-এ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী।<br>খ. এ্যাসিসটেন্ট প্রোগ্রামার হিসেবে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. কম্পিউটার হার্ডওয়ার ও সফটওয়ার সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঘ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৩ | এ্যাসিসট্যান্ট প্রোগ্রামার<br>গ্রেড-৯<br>সাকুল্য বেতনঃ ৩৫,৬০০/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০২ | ক. কমপক্ষে কম্পিউটার / ইঞ্জিনিয়ারিং- দ্বিতীয় শ্রেণীর ( সিজিপিএ-৪ এর মধ্যে ২.৬৫) ডিগ্রী অথবা পদার্থ বিজ্ঞান / ফলিত পদার্থ বিজ্ঞান / গণিত / অর্থনীতি / ব্যবস্থাপনা / পরিসংখ্যান-এ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী।<br>খ). ন্যূনতম ২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. কম্পিউটার হার্ডওয়ার ও সফটওয়ার সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঘ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৪ | এ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৯<br>সাকুল্য বেতনঃ ৩৫,৬০০/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০২ | ক. সিভিল ইঞ্জিনিয়ারিং/এগ্রি ইঞ্জিনিয়ারিং-এ দ্বিতীয় শ্রেণীর (সিজিপিএ-৪ এর মধ্যে ২.৬৫) ডিগ্রী অথবা এএমআইই (সিভিল) এ সেকশন এ ও বি উত্তীর্ণ হতে হবে।<br>খ. এম এস ওয়ার্ড ও এম এস এক্সেলে কাজ করার উচ্চতর শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা থাকতে হবে।<br>গ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৫ | মনিটরিং অফিসার<br>গ্রেড-৯<br>সাকুল্য বেতনঃ ৩৫,৬০০/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০১ | ক. যে কোন বিষয়ে ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী (সিজিপিএ-৪ এর মধ্যে ৩.০০) অথবা কৃষি বিজ্ঞানের যে কোন শাখায় দ্বিতীয় শ্রেণীর ব্যাচেলর ডিগ্রী থাকতে হবে।<br>খ. যে কোন উন্নয়নমূলক প্রকল্প অথবা সংস্থায় সংশ্লিষ্ট পদে কমপক্ষে ২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. এম এস ওয়ার্ড ও এম এস এক্সেলে কাজ করার যোগ্যতা থাকতে হবে।<br>ঘ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৬ | সাব- এ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার<br>গ্রেড-১০<br>সাকুল্য বেতনঃ ২৭,১০০/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০১ | ক. ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ইন সিভিল বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ উত্তীর্ণ হতে হবে।<br>খ. এম এস ওয়ার্ড ও এম এস এক্সেলে কাজ করার উচ্চতর শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা থাকতে হবে।<br>গ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৭ | একাউনটেন্ট<br>গ্রেড-১১<br>সাকুল্য বেতনঃ ২১,৭০০/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০১ | ক. বানিজ্য বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণীর (সিজিপিএ- ৪ এর মধ্যে ২.৬৫ থাকতে হবে) স্নাতক ডিগ্রীধারী হতে হবে।<br>খ. যে কোন উন্নয়নমূলক প্রকল্পে ন্যূনতম ৩ (তিন) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. এম এস ওয়ার্ড ও এম এস এক্সেলে কাজ করার যোগ্যতা থাকতে গবে।<br>ঘ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৮ | ড্রাইভার<br>গ্রেড-১৪<br>সাকুল্য বেতনঃ ১৮,৩০০/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০১ | ক. ন্যূনতম ৮ম শ্রেণী পাস হতে হবে।<br>খ. ভারী এবং হালকা যান চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ির অটোমোবাইল পার্টস সম্পর্কে জ্ঞান থাকতে হবে।<br>গ. গাড়ি চালনায় কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৯ | ডেসপাচ রাইডার<br>গ্রেড-১৭<br>সাকুল্য বেতনঃ ১৬,৫৫০/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০১ | ক. ন্যূনতম এসএসসি পাস হতে হবে।<br>খ. মটরসাইকেল পরিচালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে।<br>গ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১০ | সিকিউরিটি গার্ড<br>গ্রেড-১৯<br>সাকুল্য বেতনঃ ১৫,৮০০/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০১ | ক. ন্যূনতম ৮ম শ্রেণী পাস হতে হবে।<br>খ. ভাল স্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>গ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১১ | এমএলএসএস<br>গ্রেড-২০<br>সাকুল্য বেতনঃ ১৫,৫৫০/-<br>(২০১৫ সালের পে-স্কেল অনুযায়ী) | ০১ | ক. ন্যূনতম ৮ম শ্রেণী পাস হতে হবে।<br>খ. কমপক্ষে ৫(পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. ভাল স্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>ঘ. দারিদ্র্য বিমোচন ও পুনর্বাসন প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে বয়স শিথিলকরণসহ নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। |

আবেদনপত্র প্রেরণের শর্তাবলীঃ

০১. দরখাস্তে (ক) প্রার্থীর নাম (খ)পিতা/স্বামীর নাম (গ)মাতার নাম (ঘ)স্থায়ী ঠিকানা (ঙ)বর্তমান ঠিকানা (চ)জন্ম তারিখ (ছ)২৩.০৪.২০১৮ তারিখে বয়স (জ)জাতীয়তা (ঝ)শিক্ষাগত যোগ্যতা (শিক্ষা প্রতিষ্ঠান, বোর্ড/ বিশ্ববিদ্যালয়, পরীক্ষার নাম, বিভাগ/শ্রেণী/জিপিএ/সিজিপিএ সাল উল্লেখসহ) (ঞ)অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ করতে হবে;

০২. শিক্ষাগত যোগ্যতায় জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২-৩-২০১০ তারিখের শিম/শাঃ-১১/১৯-১/২০০৭/১৭৪ নং প্রজ্ঞাপন অনুসরণ করা হবে;

০৩. দরখাস্তের সাথে সদ্যতোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্র এবং প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক ও ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জন্মসনদের সনদপত্র সংযুক্তকরতঃ আগামী ২৩.০৪.২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর, গুচ্ছগ্রাম-২য় পর্যায় (ক্লাইমেট ভিকটিম্‌স রিহ্যাবিলিটেশন প্রজেক্ট) প্রকল্প, ৩/এ, নীলক্ষেত বাবুপুরা, ঢাকা-১২০৫ বরাবরে ডাকযোগে অথবা হাতে হাতে পৌছাতে হবে;

০৪. আবেদনপত্রের সাথে আবেদনকারীকে নিজ ঠিকানা সম্বলিত ১০.৫" সাইজের ৬ টাকার ডাক টিকেটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে;

০৫. আবেদনপত্রের সাথে ১-৬ নং ক্রমিকের আবেদনকারীদের অফেরতযোগ্য ৫০০/-(পাঁচশত) টাকা এবং ৭-১১ নং ক্রমিকের আবেদনকারীদের অফেতযোগ্য ৩০০/-(তিনশত) টাকার পে অর্ডার/ব্যাংক ড্রাফট ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর, গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি), প্রকল্প, ভূমি মন্ত্রণালয়-এর অনুকূলে সংযুক্ত করে দিতে হবে;

০৬. আবেদনকারীর বয়স অনুর্দ্ধ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র/কন্যা/নাতি-নাতনী এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্দ্ধ ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথীলযোগ্য;

০৭. যেহেতু প্রকল্পটি সমাপ্ত গুচ্ছগ্রাম (সিভিআরপি) প্রকল্পের অনুরূপ, সেহেতু প্রকল্পটিতে জনবল নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারীকৃত ২৬/০৬/২০০৩খ্রিঃ তারিখের সম/সওব্য/টিম-১(২)-১১/২০০৩-৭২ নম্বর স্মারক অনুসারে সমাপ্ত গুচ্ছগ্রাম (সিভিআরপি) প্রকল্পের জনবলকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রবেশপদে নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে;

০৮. বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে এনআইডি/জন্মসনদপত্র/এসএসসি/জেএসসি সমমানের পরীক্ষার সনদপত্রে বয়স কমানো/বাড়ানোর বিষয়টি গ্রহণযোগ্য হবে না;

০৯. সরকারী/আধা সরকারী স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত/বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না;

১০. কোটা সম্পর্কিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে;

১১. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র/কন্যা/নাতি-নাতনী হিসেবে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি আবেদপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গণ্য হবে না;

১২. কোন প্রার্থী প্রতিবন্ধী/উপজাতি/তফসিল সম্প্রদায়ভূক্ত হলে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে তার সমর্থনে সনদ সংগ্রহপূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

১৩. জাতীয় বেতন স্কেল ২০১৫ এর পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ২৪/০১/২০১৬ খ্রিঃ তারিখের জারীকৃত ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ নং পরিপত্র মোতাবেক পদগুলোর বিপরীতে উল্লেখিত গ্রেডের (বেতন স্কেল) সাকুল্য নির্ধারিত বেতন প্রদান করা হবে। পরবর্তীতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক সময় সময় উক্ত পরিপত্রের কোনরূপ পরিবর্তন বা সংশোধন করা হলে তা যথারীতি প্রযোজ্য হবে;

১৪. ক্রমিক নং-২, ৩, ৭, ৯ এর পদটি গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের প্রধান কার্যালয়, ঢাকা, ক্রমিক নং ১ এর পদটি প্রকল্পের আঞ্চলিক কার্যালয়, বরিশাল ও রংপুর অফিসে এবং ক্রমিক নং ৪,৫,৬,৮,১০ ও ১১ এর পদটি গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের আঞ্চলিক প্রকল্প পরিচালকের কার্যালয় বরিশাল ও রংপুর অফিসে বদলীযোগ্য। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ সরকারী বিধি মোতাবেক স্ব স্ব কর্মস্থলের জন্য প্রযোজ্য সাকুল্য বেতন প্রাপ্য হবেন;

১৫. সরকারী বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে টিফিন, যাতায়াত এবং শিক্ষাসহায়ক ভাতাসহ অন্যান্য সকল ভাতা প্রাপ্য হবেন;

১৬. সাকুল্য বেতন নির্ধারণ সংক্রান্ত সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত আদেশ/নির্দেশনা প্রযোজ্য হবে;

১৭. খামের উপরে পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে;

১৮. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্যহবে;

১৯. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

২০. এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং কেবল মাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য;

২১. আবেদনপত্র বাছাই, গ্রহণ এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিজ্ঞপ্তি যে কোন পর্যায়ে আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;


মোঃ মাহবুব-উল-আলম
যুগ্মসচিব
ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর
গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প
e-mail- npdcvrp@gmail.com